

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
রাজস্ব বাজেট শাখা  
www.tmed.gov.bd


স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৪.০২.০২৮.১৮-২০৪

তারিখঃ ০৮ আশ্বিন ১৪২৫ বাং  
২৩ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ অর্থবছরে পরিচালন রাজস্ব বাজেটে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের জন্য বিশেষ মঞ্জুরী হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ইতোমধ্যে একটি নীতিমালা জারি করা হয়েছে। নীতিমালাটি কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার বরাবরে বিতরণসহ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.tmed.gov.bd) দেয়া হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে:

- (ক) দেশের সকল স্বীকৃতি প্রাপ্ত/এমপিওভুক্ত বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরী, খেলাধুলার সরঞ্জাম ক্রয়, পাঠাগার উন্নয়ন ও প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী শিক্ষার্থী বান্ধব করার জন্য বিশেষ মঞ্জুরীর আবেদন করতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠান অথচ লেখা পড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠান-কে অগ্রাধিকার প্রদান করা হবে;
- (খ) বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ তাঁদের দুরারোগ্য ব্যাধির চিকিৎসা ও দৈব দুর্ঘটনার জন্য বিশেষ মঞ্জুরীর আবেদন করতে পারবে;
- (গ) সরকারি বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীগণ দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষার ব্যয় নির্বাহের জন্য আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরী প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধী, অসহায়, গরীব ও মেধাবী, রোগগ্রস্ত এবং অনগ্রসর সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;
- (ঘ) উক্ত খাতে মঞ্জুরী/অনুদান প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক এবং ছাত্র/ছাত্রীকে আগামী ৩১ অক্টোবর, ২০১৮ তারিখের মধ্যে সরাসরি/স্ব স্ব জেলা প্রশাসকের মাধ্যমে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় লিংক রোড, পরিবহনপুল ভবন, ঢাকা বরাবরে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না;
- (ঙ) ছাত্র/ছাত্রীদের আবেদনের ক্ষেত্রে অবশ্যই তার স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে;
- (চ) জেলা যাচাই-বাছাই কমিটির সুপারিশকৃত আবেদন এবং এ বিভাগে সরাসরি প্রাপ্ত আবেদনসমূহ যাচাইবাছাই করে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের এ সংক্রান্ত যাচাই-বাছাই কমিটি চূড়ান্ত তালিকা প্রণয়ন করবে।

  
২৩/০৯/১৮  
(এ, কে, এম, লুৎফুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৪১০৫০১২৮